

# ছাত্রদের নতুন রাজনৈতিক দল নিয়ে সর্বশেষ যা জানা গেল!

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১০:৫৩, ২৪ ফেব্রুয়ারি ২০২৫



ছবিঃ সংগৃহীত

দলীয় পদ-পদবীর প্রশ্নে গণঅভ্যুত্থানে নেতৃত্ব দেয়া ছাত্রদের নতুন রাজনৈতিক দল গঠন প্রক্রিয়া অনেকটাই থমকে আছে। এ নিয়ে বিতর্ক যেন পিছুই ছাড়ছে না তাদের। গত কয়েকদিনের সিরিজ মিটিংয়েও কোন সমাধান হয়নি। সংকট যে কাটেনি তা দলের কেন্দ্রীয় কমিটির এক যুগ্ম আহ্বায়কের ফেসবুক পোস্টেই রা স্পষ্ট হয়ে উঠে। নাগরিক কমিটির মুখপাত্র জানান, তাদের প্ল্যাটফর্মে যে কেউ যুক্ত হতে পারবেন। তবে এখনো ঠিক হয়নি কারা আসছেন। ফেব্রুয়ারির শুরু থেকেই ছাত্রদের দল নিয়ে নানা জল্পনাকল্পনার সৃষ্টি হয়।

এ নিয়ে দফায় দফায় বৈঠক করে জাতীয় নাগরিক কমিটি। এদিকে দুই উপদেষ্টার সাথে নিজের ছবি পোস্ট করেন জাতীয় নাগরিক কমিটির সদস্য সচিব আখতার হোসেন। যা নতুন রাজনৈতিক দলের সাংগঠনিক কাঠামো সম্পর্কে এক ধরনের বার্তা দিচ্ছে বলে মনে করছেন অনেকে।

এর মধ্যে নিজের ফেসবুক অ্যাকাউন্টে একটি স্ট্যাটাস দেন জাতীয় নাগরিক কমিটির যুগ্ম আহ্বায়ক আলী আহসান জুনায়েদ। স্ট্যাটাসে তিনি লিখেছেন, জাতীয় নাগরিক কমিটিতে বর্তমানে অনেক ক্ষেত্রেই প্রোপার প্রসেস এবং ট্রান্সপারেন্সির অভাব আমাদের দৃষ্টিগোচর হয়েছে। এ ধরনের সমস্যা যেন নতুন পার্টিতে না থাকে, সেজন্য নতুন রাজনৈতিক দলের গঠন প্রক্রিয়া এবং নেতৃত্ব নিয়ে আমরা প্রশ্ন তুলেছি।

এ বিষয়ে জানতে চাইলে নাগরিক কমিটির মুখপাত্র সামান্তা শারমিন জানান, নতুন এই রাজনৈতিক দলে যে কেউ আসতে পারেন। তিনি বলেন, আমরা চাই এখানে যেন নতুন ও একাধিক নেতৃত্ব তৈরি হয়। সেভাবেই স্ট্র্যাটিকার গঠন করা হচ্ছে। সবকিছু ঠিকঠাক করে ২৬ ফেব্রুয়ারির মধ্যে নতুন এ রাজনৈতিক দল আত্মপ্রকাশ করতে যাচ্ছে এমন আভাস দেন তিনি।

উপদেষ্টার পদ থেকে নতুন এ রাজনৈতিক দলের দায়িত্ব নেয়ার বিষয়ে, সিদ্ধান্ত নিয়ে রেখেছেন অন্তর্বর্তীকালীন সরকারের তথ্য উপদেষ্টা নাহিদ ইসলাম।